

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস বন্ড কমিশনারেট
৩৪২/১, সেগুন বাগিচা, ঢাকা।

নথি নং-৫(১৩)১৯/বন্ড কমিঃ (সদর)/স্থায়ী আদেশ/২০০২/

তারিখ- ১৯/০৩/২০০৯

অফিস আদেশ

বিষয় : কাস্টমস বন্ড কমিশনারেটের কতিপয় কার্যক্রম সম্পাদনে কর্মকর্তাদের ক্ষমতা অর্পণ ও সুনির্দিষ্টকরণ।

কাস্টমস বন্ড কমিশনারেটের বন্ড সংক্রান্ত কার্যক্রমে গতিশীলতা, স্বচ্ছতা ও বিভিন্ন পর্যায়ে জবাবদিহিতা নিশ্চিতকরণের লক্ষ্যে নিম্নোক্ত ছকে বর্ণিত কার্যাবলী তার পার্শ্বে উল্লিখিত কর্মকর্তাগণ কর্তৃক সম্পাদনের আদেশ দেয়া হলো।

ক্র/নং	কার্যক্রম	প্রাধিকারপ্রাপ্ত কর্মকর্তা
০১	বন্ড লাইসেন্স প্রদান	কমিশনার
০২	বন্ড লাইসেন্স নবায়ন (বিজিএমইএ ও বিকেএমইএ এর সদস্যভুক্ত প্রতিষ্ঠান ব্যতীত)	কমিশনার
০৩	মেয়াদোত্তীর্ণ পণ্যের ক্ষেত্রে বন্ডের মেয়াদ বৃদ্ধিকরণ	কমিশনার
০৪	দাবীনামা সমন্বয়/বকেয়া রাজস্বের কিস্তি নির্ধারণ	কমিশনার
০৫	শুল্ক-কর পরিশোধ কিংবা ব্যাংক গ্যারান্টির বিপরীতে কাঁচামাল আমদানির প্রত্যয়নপত্র অনুমোদন	কমিশনার
০৬	বন্ড লাইসেন্স স্থগিত/বাতিলের জন্য কারণ দর্শাও নোটিশ জারী	কমিশনার
০৭	বন্ড লাইসেন্স স্থগিত/বাতিলকরণ	কমিশনার
০৮	বন্ড লাইসেন্সে কাঁচামাল সংযোজন/বিয়োজন	কমিশনার
০৯	যুগ্ম কমিশনার ও অতিরিক্ত কমিশনার পর্যায়ের কর্মকর্তাদের নৈমিত্তিক ছুটি মঞ্জুর	কমিশনার
১০	সুপারিনটেনডেন্ট, সহকারী কমিশনার ও ডেপুটি কমিশনার পর্যায়ের কর্মকর্তাদের নৈমিত্তিক ছুটি মঞ্জুর	সংশ্লিষ্ট অতিরিক্ত/যুগ্ম কমিশনার
১১	কাঁচামালের অস্থায়ী/স্থায়ী আন্তঃ বন্ড স্থানান্তর	সংশ্লিষ্ট অতিরিক্ত/যুগ্ম কমিশনার
১২	মালিকানা হস্তান্তর/পরিবর্তন ও এ সংক্রান্ত অনিয়মের ন্যায় নির্ণয়ন	সংশ্লিষ্ট অতিরিক্ত/যুগ্ম কমিশনার
১৩	কারখানা স্থানান্তর/পরিবর্তন ও এ সংক্রান্ত অনিয়মের ন্যায় নির্ণয়ন	সংশ্লিষ্ট অতিরিক্ত/যুগ্ম কমিশনার
১৪	বন্ড প্রতিষ্ঠানের বার্ষিক অডিট অনুমোদন	সংশ্লিষ্ট অতিরিক্ত/যুগ্ম কমিশনার, তবে ভিন্নতর কোন কার্যক্রম/সুপারিশ/প্রস্তাব থাকলে

ক্র/নং	কার্যক্রম	প্রাধিকারপ্রাপ্ত কর্মকর্তা
		কমিশনারের নিকট উপস্থাপন করতে হবে
১৫	আমদানি প্রাপ্যতা অনুমোদন/বৃদ্ধি	জাতীয় রাজস্ব বোর্ডের প্রজ্ঞাপন নং- ১৪/২০০৮ তারিখ-২৯.০৬.২০০৮ মোতাবেক সংশ্লিষ্ট অতিরিক্ত/যুগ্ম কমিশনার
১৬	বন্দ সংক্রান্ত বিভিন্ন অনিয়মের ক্ষেত্রে তদন্ত কর্মকর্তা নিয়োগ	সংশ্লিষ্ট অতিরিক্ত/যুগ্ম কমিশনার
১৭	আমদানিকৃত কাঁচামালের বিপরীতে প্রদত্ত ব্যাংক গ্যারান্টি অবমুক্তির অনুমোদন ও প্রত্যয়ন পত্র ইস্যুকরণ	সংশ্লিষ্ট অতিরিক্ত/যুগ্ম কমিশনার অনুমোদন দিবেন, ডেপুটি/সহকারী কমিশনার প্রত্যয়ন পত্র ইস্যু করবেন
১৮	কাঁচামালের অস্থায়ী/স্থায়ী আস্তঃ বন্দ স্থানান্তর (ইপিজেড এর ক্ষেত্রে)	সংশ্লিষ্ট ডেপুটি/সহকারী কমিশনার
১৯	লিয়োন ব্যাংক সংযোজন/পরিবর্তন এবং এ সংক্রান্ত অনিয়মের ন্যায় নির্ণয়ন	সংশ্লিষ্ট ডেপুটি/সহকারী কমিশনার
২০	জেনারেল বন্দ গ্রহণ	সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা
২১	শুল্ক ফাঁকি, আমদানি প্রাপ্যতার অতিরিক্ত পণ্য আমদানি ও অন্যান্য অনিয়ম সংক্রান্ত মামলার নিষ্পত্তি	কাস্টমস এ্যাক্ট, ১৯৬৯ এর ধারা ১৭৯ অনুযায়ী অনিয়ম সংশ্লিষ্ট পণ্যের মূল্য অনুসারে সংশ্লিষ্ট ন্যায় নির্ণয়নকারী কর্মকর্তা
২২	বন্ডিং মেয়াদোত্তীর্ণ পণ্যের উপর দাবীনামা জারী	সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা
২৩	ডেডো কর্তৃক সহগ নির্ধারণের ক্ষেত্রে এ দণ্ডের সুপারিশ প্রেরণ	সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা
২৪	অংশ নথি খোলার অনুমোদন	সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা
২৫	ইন্সপেক্টর ও তৃতীয় শ্রেণীর কর্মচারীদের নৈমিত্তিক ছুটি মঞ্জুর	সংশ্লিষ্ট ডেপুটি/সহকারী কমিশনার
২৬	চতুর্থ শ্রেণী ও কনটিনজেন্ট কর্মচারীদের নৈমিত্তিক ছুটি মঞ্জুর	সংশ্লিষ্ট সুপারিনটেনডেন্ট (সদর)

০২। উপরিউক্ত কার্যাবলীর ক্ষেত্রে ক্ষমতা অর্পণ সংক্রান্ত ইতোপূর্বকার সকল আদেশ এতদ্বারা বাতিল করা হলো।

০৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না-দেওয়া পর্যন্ত বলবৎ থাকবে।

স্বাক্ষরিত/-

(ড. মারুফুল ইসলাম)
কমিশনার (চলতি দায়িত্ব)
ফোন-৯৩৪৭০০০